

## তৃতীয় অধ্যায়: ত্রিব্যক্তি পরমেশ্বর

প্রশ্ন-ক. কাজের লোক বা শ্রমিকদের সাথে কেমন ব্যবহার করতে হবে?

[প্রা.শি.স.প. ২০১৪]

উত্তর: বাড়ির কর্মচারী, কাজের লোক বা শ্রমিকদের সাথে সুন্দর ব্যবহার করতে হবে।

প্রশ্ন-খ. খাবারের সময় কী করা ভালো? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: খাবারের সময় নিজে সবচেয়ে ভালো অংশ এবং বেশি না নিয়ে অন্যদের জন্য রেখে দেওয়া ভালো।

প্রশ্ন-গ. টয়লেট, বেসিন ইত্যাদি আমরা ব্যবহার করি। এগুলো ব্যবহারের পর কী করতে হবে?

উত্তর: টয়লেট, বেসিন ইত্যাদি ব্যবহার করার পর অন্যদের ব্যবহারের জন্য তা পরিষ্কার করে রেখে আসতে হবে।

প্রশ্ন-ঘ. তুমি তোমার পরিবারের অন্যান্য সদস্যদের সম্মান ও শ্রদ্ধা কর না। ফলে তোমার পরিবারে কী বিরাজ করবে না?

উত্তর: আমি পরিবারের অন্য সদস্যদের সম্মান ও শ্রদ্ধা না করলে পরিবারে শান্তি বিরাজ করবে না।

প্রশ্ন-ঙ. পিতামাতার সঙ্গে কেমন ব্যবহার করতে হবে? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: পিতামাতার কথা মেনে চলতে হবে এবং তাদের সব সময় সম্মান করতে হবে।

প্রশ্ন-চ. ঈশ্বরের তিন ব্যক্তি কারা?

উত্তর: পিতা, পুত্র ও পবিত্র আত্মা এই তিনে মিলে এক ঈশ্বর।

প্রশ্ন-ছ. মহাত্মা গান্ধী কোন নীতি গড়ে তুলেছিলেন?

উত্তর: মহাত্মা গান্ধী 'অহিংস নীতি' গড়ে তুলেছিলেন।

প্রশ্ন-জ. বাড়িতে অতিথি আসলে কী করতে হবে?

[প্রা.শি.স.প. ২০১৬, ২০১৫]

উত্তর: বাড়িতে অতিথি আসলে প্রয়োজনে টেলিভিশন বা অন্য কিছু বন্ধ রেখে বা কাজ রেখে তাদের সাথে কথা বলতে হবে।